**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 SEPTEMBER 2024** **7:35 AM IST**

===========================================================================

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের জনসাধারণকে ভূয়ো অনলাইন স্টক মার্কেটে বিনিয়োগ না করার আহ্বান জানিয়েছেন । বিনিয়োগ করা অর্থ খুব কম সময়ের মধ্যে দ্বিগুণ হবে বলে কেউ দাবী করলে, তা স্পষ্টতঃ ভূয়ো বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

এদিকে অনলাইন ট্রেডিং মামলায় অভিযুক্ত সুমি বরা এবং তার স্বামী তার্কিক বরা ডিব্রুগড় পুলিশের কাছে আত্মসমর্পণ করেছে । ভূয়ো ট্রেডিংয়ের নামে কোটি কোটি টাকা লুণ্ঠন করার অভিযোগে বিশাল ফুকন নামের যুবককে গ্রেপ্তার করার পর থেকে সুমি বরা এবং তার স্বামী পলাতক ছিল । দশদিন ধরে পলাতক থাকার পর আসাম পুলিশ তাদের বিরুদ্ধে লুক-আউট বিজ্ঞপ্তি জারী করেছিল । অভিযুক্তরা ট্রেডিং ব্যবসায় বিনিয়োগ করার জন্যে বহু লোককে প্রলোভন দেখাচ্ছিল এবং দুমাসের মধ্যে তাদের গচ্ছিত অর্থের ৩০ শতাংশ ফিরিয়ে দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল । আটক করার পর পুলিশ সুমি ও তার্কিক বরাকে ৫ দিনের জন্য নিজের হেফাজতে নিয়েছে।

অন্যদিকে গুয়াহাটি পুলিশ গতকাল বরঝাড়ের গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে অবৈধ অর্থ লেনদেনের সঙ্গে জড়িত অন্য একজন অভিযুক্ত মাইনাও ব্রহ্মকে গ্রেপ্তার করেছে । পুলিশ অবৈধ অনলাইন ট্রেডিংয়ের ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে এপর্যন্ত ৪২ জনকে গ্রেপ্তার করেছে । এছাড়া এধরণের অবৈধ লেনদেনের ব্যবসায় অভিযুক্ত অপর একজন দীপাঙ্কর বর্মণ এখনো পলাতক রয়েছে।

---

গৌহাটী মহানগরীর নিকটবর্তী সোনাপুরের কচুথলীতে গতকাল অবৈধভাবে দখল করা ভূমি উচ্ছেদকে কেন্দ্র করে দুজন ব্যাক্তি নিহত হয়েছেন । অবৈধ দখলকারীকে উচ্ছেদের জন্য প্রেরণ করা পুলিশ প্রশাসনের লোকেদের ওপর আক্রমণ করার পর পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশের গুলীচালনায় দুজন লোকের মৃত্যু হয় । ঘটনায় সোনাপুরের চক্র আধিকারিক সহ পুলিশের কয়েকজন লোক আহত হয়েছেন । উল্লেখ্য প্রশাসন অঞ্চলটিতে অবৈধভাবে দখল করে রাখা লোকেদের সরে যাবার জন্য আগেই নির্দেশ জারী করেছিলো । কিন্তু উচ্ছেদের নির্দেশের পরও লোকেরা জমি ছেড়ে না যাওয়ায় পুলিশ প্রশাসন উচ্ছেদ অভিযান চালিয়েছিলো ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন আজ ও আগামীকাল বিশ্ববিদ্যালয়ের নেতাজী সুভাষ মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হচ্ছে । সমাবর্তনে মুখ্য বক্তা হিসেবে মধ্য প্রদেশের ডক্টর হরি সিং গৌর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিলীমা গুপ্তা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়াও সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের আচার্য্য প্রাক্তন বায়ুসেনা প্রধান অরূপ রাহা ও উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ উপস্থিত থাকবেন ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় সমিতির উদ্যোগে ও করিমগঞ্জ জেলা সমিতির ব্যবস্থাপনায় আজ আগামীকাল করিমগঞ্জ মিশন রোডের বিপিনচন্দ্র পাল স্মৃতি ভবনে সৈয়দ মুজতবা আলি সাহিত্য উৎসব অনুষ্ঠিত হবে । দু দিনের এই সাহিত্য উৎসবে সর্বস্তরের নাগরিককে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট এক্সামিনিশনের তৃতীয় ও চর্তুথ শ্রেণীর পদের পরীক্ষার জন্য আগামী ১৫ ও ২৯শে সেপ্টেম্বর সকাল ৬টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় - পরীক্ষা কেন্দ্রগুলির একশ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যাক্তিদের ভীড় ও যানবাহনের অবৈধ পার্কিং সম্পূর্ন নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া পরীক্ষার্থীরা পরীক্ষা হলে মোবাইল ফোন , ইলেকট্রনিক ডিভাইস বহন করতে পারবেন না বলে জানানো হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল রাজ্যের অন্যান্য অংশের সঙ্গে বরাক উপত্যকায়ও আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট পরীক্ষার জন্য আগামী ১৪ ও ১৫ই সেপ্টেম্বর বিশেষ ট্রেনের ব্যবস্থা করেছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগামী শনিবার রাত ৮টায় বিশেষ ট্রেন করিমগঞ্জ থেকে যাত্রা করে সবকটি স্টেশনে থেমে রাত সাড়ে দশটায় শিলচর পৌছবে । পরদিন এই ট্রেনটি রাত ১২টা ৫ মিনিটে শিলচর থেকে যাত্রা করে রাত দুটো ১২

মিনিটে নিউ করিমগঞ্জ স্টেশন পৌছবে । এদিকে আগামী রবিবার ভোর চারটায় একটি ট্রেন করিমগঞ্জ থেকে ছেড়ে সকাল ৬টা ৪০ মিনিটে শিলচর এসে পৌছবে । এই ট্রেনটি রাত ৯টায় শিলচর থেকে ছেড়ে রাত ১১টা ৪০ মিনিটে করিমগঞ্জ পৌছবে ।

একইভাবে সীমান্ত রেল জামিরা ও শিলচর রুটেও এক জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত হয়েছে । শনিবার রাত ৯টায় জামিরা থেকে যাত্রা করে রাত ১২টা ১০ মিনিটে শিলচর পৌছবে । পরদিন শিলচর থেকে ট্রেনটি রাত ১টায় শিলচর থেকে যাত্রা করে ভোর চারটায় জামিরা পৌছবে । আরেকটি ট্রেন শনিবার সকাল ১০টায় জামিরা থেকে যাত্রা করে দুপুর একটা ১০ মিনিটে শিলচর পৌছবে । এছাড়া একটি ট্রেন শনিবার বিকেল ছটায় জামিরা থেকে যাত্রা করে রাত ৯টা ১৫ মিনিটে শিলচর এসে পৌছবে ।

---

শিলচর পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শিলচর-কুম্ভীরগ্রাম সড়কে সদরঘাটের নতুন সেতুর সংস্কার কাজের জন্য আগামী পয়লা অক্টোবর পর্য্যন্ত ঐ সেতু দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- এই সময়কালে পুরনো সদরঘাট সেতু দিয়ে সব ধরনের যান চলাচল করতে পারবে ।

---

যুব সংগঠন অল ইন্ডিয়া ডেমোক্রেটিক ইয়ুথ অরগেনাইজেশনের কাছাড় জেলা কমিটির উদ্যোগে গতকাল বিভিন্ন দাবীর সর্মথনে বদরপুরে রেলের এরিয়া ম্যানেজারের মাধ্যমে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণের কাছে স্মারক পত্র

পাঠানো হয়েছে । স্মারক পত্রে ভারতীয় রেলের কয়েক লক্ষ শূন্য পদে অবিলম্বে কর্মী নিয়োগ , রেলের বেসরকারীকরন ও বানিজিকিকরন বন্ধ করা , প্রতিটি এক্সপ্রেস ট্রেনে  স্লিপার কোচ ও অসংরক্ষিত সাধারন কোচের সংখ্যা বৃদ্ধি করার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে সংগঠনের কাছাড় জেলা সভাপতি অঞ্জন কুমার চন্দ , জেলা সম্পাদক বিজিৎ কুমার সিনহা , সহ-সভাপতি পরিতোষ ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

শিলচরের অম্বিকাপুর পূর্বপাড়া ও হাসপাতাল রোড দূর্গাপূজা কমিটির ব্যবস্থাপনায় আগামী ১৫ ই সেপ্টেম্বর অম্বিকাপট্টির পুরনো মা ভবনে বিনামূল্যে মেডিসিন , ইউরোলজি, নাক-কান-গলা ,সার্জারি ও চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে । এই শিবিরে সংলগ্ন এলাকার জনসাধারণ সহ ইচ্ছুক রোগীদের এসে স্বাস্থ্য পরীক্ষা করানোর আহ্বান জানানো হয়েছে । শিবিরটি ঐদিন সকাল সাড়ে নটায় শুরু হবে

---

---